গত ০৫-১২-২০১৮খ্রিঃ বুধবার ১৫:০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/মিরপুর/তেজগাঁও/গুলশান/উত্তরা বিভাগের নভেম্বর ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	**ঃ**	**অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)** **ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।**
তারিখ	**ঃ**	**০৫-১২-২০১৮খ্রিঃ ।**
সময়	**ঃ**	**১৫:০০ ঘটিকা।**
স্থান	**ঃ**	**ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)।
২.	জনাব শেখ নাজমুল আলম বিপিএম(বার),পিপিএম(বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)।
৩.	জনাব মোঃ মাহবুব আলম, পিপিএম (বার), যুগ্ম-পুলিশ কমিশনার (ডিবি)।
৪.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৫.	জনাব মশিউর রহমান, বিপিএম,পিপিএম, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা উত্তর)।
৬.	জনাব গোলাম মোস্তফা রাসেল পিপিএম (বার), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম)।পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত।
৭.	জনাব রুবাইয়াত জামান, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)।
৮.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পুলিশ কমিশনার (দারুসসালাম জোন)।
৯.	জনাব নাদিয়া জুঁই, সহকারী পুলিশ কমিশনার (খিলগাঁও জোন)।
১০.	জনাব আবু তৈয়ব মোঃ আরিফ হোসেন, সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও জোন)।
১১.	জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পুলিশ কমিশনার (উত্তরা জোন)।
১২.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, সহকারী পুলিশ কমিশনার (মোহাম্মদপুর জোন)।
১৩.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, সহকারী পুলিশ কমিশনার (নিউমার্কেট জোন)।
১৪.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, সহকারী পুলিশ কমিশনার (মিরপুর জোন)।
১৫.	জনাব মোঃ শাহিদুর রহমান,পিপিএম, সহকারী পুলিশ কমিশনার (দক্ষিণখান জোন)
১৬.	জনাব মোঃ সামসুজ্জামান, সহকারী পুলিশ কমিশনার (ওয়ারী জোন)।
১৭.	জনাব ফয়সাল মাহমুদ, সহকারী পুলিশ কমিশনার (শ্যামপুর জোন)।
১৮.	তাপস কুমার দাস, সহকারী পুলিশ কমিশনার (ক্যান্টনমেন্ট জোন)।
১৯.	জনাব মোঃ সালাহ উদ্দিন, সহকারী পুলিশ কমিশনার (লালবাগ জোন)।
২০.	জনাব মোঃ রফিকুল ইসলাম, পিপিএম (সেবা), সহকারী পুলিশ কমিশনার (গুলশান জোন)।
২১.	জনাব মোঃ নাজিম উদ্দিন, সহকারী পুলিশ কমিশনার (প্রসিকিউশন)।
২২.	জনাব সালমান হাসান, সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও শিল্পাঞ্চল জোন)।
২৩.	জনাব মিশু বিশ্বাস, সহকারী পুলিশ কমিশনার (মতিঝিল জোন)।
২৪.	জনাব মোঃ রাশেদ হাসান, সহকারী পুলিশ কমিশনার (সবুজবাগ জোন)।
২৫.	জনাব মোঃ সিরাজুল ইসলাম, পিপিএম-বার, সহকারী পুলিশ কমিশনার (চকবাজার জোন)।

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। কামরাঙ্গীরচর থানার মামলা নং ১১, তাং ১০/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী ও ভিকটিম পিকনিকে বেড়াতে গিয়ে বিরোধের জের ধরে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ধারালো চাকু দিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। হত্যাকান্ডে ব্যবহৃত চাকু উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) হত্যাকান্ডে জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। চকবাজার থানার মামলা নং ১৪, তাং ১২/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী ও ভিকটিম একই অফিসে কর্মরত ছিল। ডিউটির বদলী দেরী করে দেওয়ার কারণে বির্তকের জের এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে লোহার রড দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। হত্যাকান্ডে ব্যবহৃত লোহার রড উদ্ধার করা হয়েছে। ০১ জন সাক্ষীর জবানবন্দি কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) হত্যাকান্ডে জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। শ্যামপুর থানার মামলা নং ০৫, তাং ০৪/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি সিগারেট খাওয়াকে কেন্দ্র করে এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত এজাহারনামীয় ০২ জন এবং সন্দিগ্ধ ০২ আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১)মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। কদমতলী থানার মামলা নং ১৮, তাং ১১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি দুর্ঘটনাবশত হয়েছে। মামলার বাদী হয়রানিমূলক অত্র মামলা দায়ের করেছে মর্মে ধারণা করা হচ্ছে। প্রত্যক্ষদর্শী ০৬ জন সাক্ষীর জবানবন্দি কাঃবিঃ ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করা হয়েছে। ঘটনাস্থলে ১৫/২০ জন সাধারণ জনতা দুর্ঘটনাটি ঘটতে দেখেছে।

সিদ্ধান্ত ঃ (১) অত্র হত্যা মামলায় সন্ধিগ্ধ কোন ব্যক্তিকে হয়রানি না করার নির্দেশ প্রদান করা হয়।
(২) হত্যাকান্ডে জড়িত গাড়ীটি দ্রুত জব্দ করার নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। ওয়ারী থানার মামলা নং ৩১, তাং ২৭/১১/১৮খ্রিঃ ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি প্রেমের প্রস্তাব প্রত্যাখান করায় এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ধারালো দা দিয়ে কুপিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। গেন্ডরিয়া থানার মামলা নং ৩৫, তাং ২৬/১১/১৮খ্রিঃ, ধারাঃ ১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি ডিবি-পূর্ব বিভাগ এর পুলিশ সদস্যদের সহিত অস্ত্রধারী সন্ত্রাসীদের বন্ধুকযুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(২) অত্র মামলা সংক্রান্তে ডিবি-পূর্ব বিভাগের কোন পুলিশ সদস্য সভায় উপস্থিত না থাকায় সভায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। সবুজবাগ থানার মামলা নং ০১, তাং ০১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক রিক্সাচালক ভিকটিম রাশেদ এর অটোরিক্সা জোরপূর্বক ছিনিয়ে নেওয়ার সময় আসামী ও ভিকটিমের মধ্যে ধস্তাধস্তির এক পর্যায়ে ভিকটিমকে চাকু দিয়ে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীসহ ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাই হওয়া অটোরিক্সা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) আসামীদের নাম-ঠিকানা দ্রুত যাচাই করার নির্দেশ প্রদান করা হয়।

(২) আসামীদের নাম-ঠিকানা সঠিক পাওয়া গেলে দ্রুত চার্জশিট দাখিল করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। খিলগাঁও থানার মামলা নং ১৯, তাং ১০/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিম গার্মেন্টস ব্যবসায়ের কাজে গাজীপুর হতে কেরানীগঞ্জ যাওয়ার পতিমধ্যে অজ্ঞাতনামা আসামী কর্তৃক খুন হয়। অত্র মামলায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখ্যযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি ডিবি-পূর্ব বিভাগে হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয় ।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। খিলগাঁও থানার মামলা নং ৩৩, তাং ১৩/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর অপমৃত্যু মামলা হতে হত্যা মামলায় রুপান্তরিত হয়। অত্র মামলার ভিকটিম অজ্ঞাতনামা ৪০ বছরের বয়স্ক মহিলার মাথায় ব্রেন হেমারের কারণে মৃত্যু হয়েছে মর্মে জানা যায়। ভিকটিমের পরিচয় এখনো সনাক্ত করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখ্যযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) অত্র মামলায় জড়িত আসামীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**
(২) ভিকটিমের পরিচয় দ্রুত সনাক্ত করার নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। রামপুরা থানার মামলা নং ৩৬, তাং ১৯/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী (ভিকটিমের স্বামী) ভিকটিমকে গলায় ওড়না পেঁচিয়ে শ্বাসরোধ করে হত্যার ঘটনা। অত্র মামলার মূল আসামীকে রাতভর অপারেশন করে শ্রীবর্দী, শেরপুর হতে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। মামলার মূল রহস্য উদঘাটন।

সিদ্ধান্ত ঃ **(১) মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। মোহাম্মদপুর থানার মামলা নং ০২, তাং ০১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে হত্যা করে লাশ গুম করার উদ্দেশ্যে রান্নঘরের নীল ড্রামের ভেতর লুকিয়ে রাখার ঘটনা। অত্র মামলার মূল ০১ জন আসামীকে কুলাউড়া, মৌলভীবাজার হতে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। মামলার মূল রহস্য উদঘাটন।

সিদ্ধান্ত ঃ **(১) মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। মোহাম্মদপুর থানার মামলা নং ৭২, তাং ১৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার আসামী ও ভিকটিম পেশাদার ছিনতাইকারী ছিল। আসামীর নিকট ইয়াবা খাওয়ার পাওনা ৩০০/-টাকা চাওয়াকে কেন্দ্র ভিকটিমের গলা ও হাত-পা কেটে হত্যার ঘটনা। ঘটনার জড়িত মূল আসামী সহ ০৪ জন আসামীকে বেনাপোল থেকে গ্রেফতার করা হয়েছে। তারা বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলা তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় মামলা তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। শেরেবাংলানগর থানার মামলা নং ৩৪, তাং ২৭/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, এজাহারনামীয় আসামী কর্তৃক তার রুমমেট ভিকটিম এর সাথে বিতর্কের জের ধরে ধারালো ছুরি দ্বারা ভিকটিমকে আঘাত করে হত্যার ঘটনা। অত্র মামলায় জড়িত আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) হত্যার ঘটনায় জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। মিরপুর মডেল থানার মামলা নং ৩৬, তাং ১৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি পরকীয়ার জের ধরে অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমের মাথায় আঘাত করে হত্যার ঘটনা। অত্র মামলায় জড়িত আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) হত্যার ঘটনায় জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। মিরপুর মডেল থানার মামলা নং ৩৮, তাং ১৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি হত্যাকান্ড কিনা সে ব্যাপারে এখনো সন্দেহ আছে। ঘটনায় জড়িত সন্দেহে ০১ জনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া মামলার কোন উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) অত্র মামলাটি সঠিক তদন্তপূর্বক মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। পল্লবী থানার মামলা নং ২৩, তাং ১০/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৬/৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ঝুট ব্যবসাকে কেন্দ্র করে ভিকটিমকে গুলি করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন গ্রেফতার করা হয়। তন্মধ্যে ০১ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। গ্রেফতারকৃত আসামীদেরকে কারাগারে প্রেরণ করলে ০১ জন আসামী এক সপ্তাহ পর কারাগারে মারা যায়।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনায় জড়িত অন্যান্য আসামীদেরকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) হত্যাকান্ডে ব্যবহৃত অস্ত্র দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। পল্লবী থানার মামলা নং ৩৪, তাং ১৭/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিম রোজিনা বেগমকে তার ভাড়া বাসার ভেতর ধারালো অস্ত্র দিয়ে গলা কেটে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) মামলাটি দ্রুত তদন্তের জন্য ডিবি-পশ্চিম বিভাগ এর সাথে কাজ করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। কাফরুল থানার মামলা নং ০৫, তাং ০৩/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ঘটনাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক চাঁদা না পেয়ে ভিকটিমকে পেটে চাকু দিয়ে আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামী কানাডা হতে উল্লিখিত চাঁদাবাজি নিয়ন্ত্রণ করছে মর্মে জানা যায়। অত্র মামলায় জড়িত সন্দেহে ০৮ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) অত্র মামলাটি সঠিক তদন্তপূর্বক মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। দারুসসালাম থানার মামলা নং ৪৫, তাং ৩০/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর অপমৃত্যু মামলা হতে হত্যা মামলায় রুপান্তরিত হয়। অত্র মামলার ভিকটিমের পরিচয় এখনো সনাক্ত করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখ্যযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) অত্র মামলায় জড়িত আসামীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।
(২) ভিকটিমের পরিচয় দ্রুত সনাক্ত করার নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। গুলশান থানার মামলা নং ২১, তাং ২০/১১/১৮খ্রিঃ ধারাঃ ৩২৩/৩২৫/ ৩০৭/ ৫০৬/৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি জামাই কর্তৃক শাশুড়িকে কাঠের লাঠি দিয়ে মাথায় আঘাত করে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত মূল ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। খিলক্ষেত থানার মামলা নং ১২, তাং ০৩/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৮/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি সিআইডি কর্তৃক তদন্তাধীন হওয়ায় মামলা সংক্রান্তে সভায় কোন আলোচনা হয়নি।

২২। বিমানবন্দর থানার মামলা নং ৫৭, তাং ২৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৮/৩০২ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তির পর অপমৃত্যু মামলা হতে হত্যা মামলায় রুপান্তরিত হয়। অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক অজ্ঞাতনামা ভিকটিমকে বিষাক্ত দ্রব্য সেবন করিয়ে হত্যার ঘটনা। ভিকটিমের পরিচয় এখনো সনাক্ত করা সম্ভব হয়নি। মামলায় উল্লেখ্যযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) অত্র মামলায় জড়িত আসামীদের সনাক্তপূর্বক দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।
(২) ভিকটিমের পরিচয় দ্রুত সনাক্ত করার নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। শাহবাগ থানার মামলা নং ০৫, তাং ০২/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২/৪১১/৪১৩ পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমের ল্যাপটপ ছিনতাই করার ঘটনা। ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং তার দেওয়া তথ্যমতে অভিযান চালিয়ে আরো ০৭ জন আসামীকে গ্রেফতার ও ৫১,০৫,০০০/-টাকার মালামাল উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) মামলার তদন্ত সন্তোষজনক এবং লুণ্ঠিত মালামাল উদ্ধার হওয়ায় সভায় সভাপতি মহোদয় মামলা তদন্তকারী কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। খিলগাঁও থানার মামলা নং ৫৭, তাং ২১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে চাপাতি দিয়ে ভয়ভীতি দেখিয়ে নগদ টাকা ও মোবাইল ছিনতাই করার ঘটনা। অত্র মামলার ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তাদের নিকট থেকে মানিব্যাগ ও নগদ ২,৫০০/-টাকা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। রামপুরা থানার মামলা নং ০৯, তাং ০৪/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমের বাসার গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে ভিকটিম এবং তার পরিবারকে চাপাতি দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করে নগদ ১,০৫,০০০/-টাকা সহ মোট ৪,১৩,৯৯০/-টাকার মালামাল লুন্ঠন করার ঘটনা। অত্র মামলার ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে সনাক্ত করা হয়েছে। তারা গত মাসের ছিনতাই মামলার সাথে জড়িত বলে ধারণা করা হচ্ছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মামলাটি ডিবি-পূর্ব বিভাগে হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয় ।
(২) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার এবং লুন্ঠিত মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয় ।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। মোহাম্মদপুর থানার মামলা নং ১১১, তাং ২৬/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামালাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে চাপাতি দিয়ে ভয়ভীতি দেখিয়ে নগদ ২,৫০,০০০/-টাকা ও ০২টি মোবাইল সহ মোট ৩,৩৫,০০০/-টাকার মালামাল লুন্ঠন করার ঘটনা। ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) ঘটনায় জড়িত আসামীদের দ্রুত গ্রেফতার এবং লুন্ঠিত মালামাল উদ্ধারের নির্দেশ প্রদান করা হয় ।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। মিরপুর মডেল থানার মামলা নং ২০, তাং ০৭/১১/১৮খ্রিঃ, ধারাঃ ১৭০/৩৯২/৪১১ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে ডিবি পুলিশ পরিচয় দিয়ে ভিকটিমের নিকট থেকে নগদ ১,২০,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। ছিনতাইকালে ঘটনাস্থলেই ০১ জন আসামী জনতা কর্তৃক হাতেনাতে ধৃত হয় এবং লুন্ঠিত টাকা উদ্ধার হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। উত্তরা পশ্চিম থানার মামলা নং ২১, তাং ১০/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৯২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে পিস্তল ও ছুরি দিয়ে ভয়ভীতি দেখিয়ে ০১টি মোবাইল যার মূল্য ৭৫,০০০/-টাকা ছিনতাইয়ের ঘটনা। ঘটনায় জড়িত আসামীদেরকে গ্রেফতার করা হয় এবং তাদের নিকট থেকে ০৭টি মোবাইল উদ্ধার করা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। নিউমার্কেট থানার মামলা নং ০২, তাং ০১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩২৩/৩৬৫/৩৮৬/৩৪ পিসি।

<u>আলোচনা</u>ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিম (ফ্রিল্যাঞ্চারে কর্মরত ডলার ব্যবসায়ী) এর সাথে ১৪০০ ডলার নিয়ে প্রতারনার জের ধরে ভিকটিমকে অপহরণকরতঃ তার পরিবারের মুক্তিপণ বাবদ নিকট ১,৩২,০০০/-টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) সঠিকভাবে ঘটনার মূল রহস্য উদঘাটন এবং অন্যান্য আসামীদেরকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। হাজারীবাগ থানার মামলা নং ০২, তাং ০১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩৭৯/১০৯ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনাটি এজাহারনামীয় আসামী কর্তৃক হাজারীবাগ এলাকার ভাড়া বাসা হতে ভিকটিমকে ফোনের মাধ্যমে ফরিদপুর জেলায় ডেকে নিয়ে অপহরণকরতঃ তার পরিবারের নিকট ৩,০০,০০০/-টাকা চাঁদা দাবির ঘটনা। অত্র মামলার ভিকটিমকে র‍্যাব সদস্যরা ধরে নিয়ে গেছে মর্মে ধারনা করা হচ্ছে।

<u>সিদ্ধান্তঃ</u> (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার এবং ভিকটিমকে দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। কামরাঙ্গীরচর থানার মামলা নং ৩৯, তাং ২৮/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম খাগড়াছড়ি জেলায় ২য় বিবাহ করলে স্থানীয় জনতা ভিকটিমকে আটক করে তার ১ম স্ত্রীর নিকট ৪,০০,০০০/- টাকা মুক্তিপণ দাবির ঘটনা। ঘটনায় জড়িত কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

<u>সিদ্ধান্তঃ</u> (১) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতার এবং ভিকটিমকে দ্রুত উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৩) ভবিষ্যতে উল্লিখিত ঘটনার কোন বিষয় পরিলক্ষিত হলে ভূক্তভোগীদেরকে পেনাল কোডের ৪২০ ধারায় মামলা করার পরামর্শ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। কোতয়ালী থানার মামলা নং ৩৬, তাং ২৬/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৫/১০৯/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে পরিকল্পিতভাবে অপহরণকরতঃ তার পরিবারের নিকট মুক্তিপণ বাবদ ০৮ লক্ষ টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তাদের নিকট থেকে আরো ০২ জন আসামীর নাম পাওয়া গেছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) **ঘটনায় জড়িত আসামীদেরকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। পল্টন থানার মামলা নং ২৯, তাং ২১/১১/১৮খ্রিঃ, ধারাঃ ১৭০/৩৬৫/৩৮৫/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে জোরপূর্বক অপহরণকরতঃ তার ভগ্নিপতির নিকট মুক্তিপণ বাবদ ৩,৭০,০০০/- টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়ে হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। মোহাম্মদপুর থানার মামলা নং ৬৬, তাং ১৪/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৪১/৩৬৫/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী পূর্বের বিতর্কের জের ধরে ভিকটিমকে অপহরণ করার ঘটনা। তবে ভিকটিমের স্বভাব-চরিত্র ভাল নয় বিধায় র‌্যাব সদস্যরা ভিকটিমকে তুলে নিয়ে গেছে মর্মে ধারনা করা হচ্ছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) ঘটনার মূল রহস্য উদঘাটন পূর্বক মামলা তদন্তের নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৫। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং ৩৪, তাং ২৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৪২/৩৬৫/৩৮৫৩৮৬/৫০৬ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিম অবৈধ নারীদের সাথে দৈহিক সম্পর্ক গড়ে উঠার কারণে অজ্ঞাতনামা আসামীরা ভিকটিমকে অপহরণকরতঃ তার পরিবারের নিকট মুক্তিপণ বাবদ ০২ লক্ষ টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়ে হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৬। হাতিরঝিল থানার মামলা নং ২৬, তাং ১৫/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৪২/৩৮৫/৩৮৬/৫০৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে অপহরণকরতঃ তার পরিবারের নিকট মুক্তিপণ বাবদ ০২ লক্ষ টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিমকে উদ্ধার করা হয়ে হয়েছে ।

সিদ্ধান্ত ঃ (১) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

৩৭। খিলক্ষেত থানার মামলা নং ০৯, তাং ০৩/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩৬৫/৩৮৫/৩৮৬/৩০৭/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে জোরপূর্বক প্রাইভেটকারে উঠিয়ে অপহরণ করা এবং ভিকটিমের বিকাশ ও ডাচ্ বাংলা একাউন্ট থেকে ২,২০,৩০০/-টাকা উত্তোলন করার ঘটনা। ঘটনায় জড়িত ০১ জন আসামীকে সনাক্ত করা হয়েছে। ভিকটিম উদ্ধার আছে।

সিদ্ধান্ত ঃ (১) **মামলার ঘটনায় জড়িত মূল আসামীদেরকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

৩৮। ক্যান্টনমেন্ট থানার মামলা নং ০১, তাং ০২/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৫/৩৮৬/৩২৩/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ভিকটিমকে জোরপূর্বক মাইক্রোবাসে তুলে অপহরণকরতঃ তার পরিবারের নিকট মুক্তিপণ বাবদ ১০ লক্ষ টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি ।

সিদ্ধান্ত ঃ (১) অত্র মামলার তদন্ত কাজে ডিবি-উত্তর বিভাগকে সহযোগিতা করার নির্দেশ প্রদান করা হয় ।
(২) **মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

৩৯। বিমানবন্দর থানার মামলা নং ৪৪, তাং ১৯ /১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৪/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি সিআইডি কর্তৃক তদন্তাধীন হওয়ায় মামলার সংক্রান্তে সভায় কোন আলোচনা হয়নি ।

৪০। দক্ষিণখান থানার মামলা নং ৪৩, তাং ২৯/১১/১৮খ্রিঃ, ধারাঃ ৩৬৫/৩৮৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলাটি এজাহারনামীয় আসামী কর্তৃক ভিকটিমকে কাজ দেওয়ার কথা বলে কৌশলে অপহরণকরতঃ তার পরিবারের নিকট মুক্তিপণ বাবদ ১,৫০,০০০/-টাকা চাঁদা দাবির ঘটনা। ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে এবং ভিকটিম উদ্ধার আছে।

সিদ্ধান্ত ঃ (১) **ঘটনায় জড়িত মূল আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।**
(২) **মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, অপরাধ জোনের সহকারী পুলিশ কমিশনার, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া মামলা তদন্ত এবং মামলার আসামীদের গ্রেফতারে আরো ভালভাবে মনোনিবেশ করার পরামর্শ প্রদান করা হয়। প্রত্যেক থানা এলাকায় চিহ্নিত ছিনতাইকারী, চাঁদাবাজ ও সন্ত্রাসীদের সনাক্ত করা ও গ্রেফতার করার জন্য দক্ষতা ও কৌশলগত মনোভাব নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করা হয়। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সকল পুলিশ সদস্যদেরকে অত্যন্ত ধৈর্য্য সহকারে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন। ভবিষ্যতে কোনরূপ কঠিন পরিস্থিতি অত্যন্ত ধৈর্য্য, সাহসিকতা ও পেশাদারিত্বের সহিত মোকাবেলা করার আহবান জানান। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগে গত নভেম্বর, ২০১৮খ্রিঃ মাসে রুজুকৃত খুন, দস্যুতা ও অপহরণ মোট ৪০ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১৯ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখঃ -১২-২০১৮খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা/ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন/উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন) বিভাগ, ডিএমপি, ঢাকা। — অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

২। সহকারী পুলিশ কমিশনার (রমনা/নিউমার্কেট/ধানমন্ডি/লালবাগ/চকবাজার/কোতয়ালী/ওয়ারী/শ্যামপুর/মতিঝিল/খিলগাঁও/সবুজবাগ/বাড্ডা/তেজগাঁও/মোহাম্মদপুর/তেজগাঁও শিল্পাঞ্চল/মিরপুর/পল্লবী/দারুসসালাম/গুলশান/ক্যান্টনমেন্ট/দক্ষিণখান/উত্তরা/বিমানবন্দর) ডিএমপি, ঢাকা।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম/ডিবি), ডিএমপি, ঢাকা।
(৩-৫: অবগতির জন্য।)

৭। অফিস নথি।

(**শেখ নাজমুল আলম,** বিপিএম-বার,পিপিএম-বার)
বিপি-৬৫৯৮০০৯৩২২
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
কমিশনারের পক্ষে
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোনঃ ৯৩৫৬৪৭২, ফ্যাক্সঃ ৮৩১৮২১০
ই-মেইলঃ jccrime@dmp.gov.bd